বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

www.dbhwd.gov.bd



# ষষ্ঠ অধ্যায়ঃ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর

## ভূমিকা

বাংলাদেশের উত্তর-পূর্বাংশে প্রাকৃতিকভাবে সৃষ্ট নিম্নভূমি নিয়ে হাওরাঞ্চল গঠিত। বর্ষাকালে ঢলের পানি জমে সহজেই এ নিম্নভূমি পাবিত হয়ে বন্যার রূপ নেয়। তাই প্রতিকূল অবস্থার কারণে হাওর জেলাগুলো উন্নয়নের বিভিন্ন সূচকে পিছিয়ে আছে। উন্নত দেশ হিসেবে গড়ে তুলতে হলে দেশের সকল অঞ্চলের সুষম উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ। পিছিয়ে পড়া এ অঞ্চলের উন্নয়নের লক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে "বাংলাদেশ হাওর উন্নয়ন বোর্ড" গঠনের নির্দেশ দেন। তৎকালীন সরকার ১৯৭৭ সালে এ বোর্ড গঠন করলেও ১৯৮২ সালে তা বিলুপ্ত ঘোষণা করা হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিপ্রায় অনুযায়ী ১১ সেপ্টেম্বর ২০০০ সালে একটি রিজুলিউশনের মাধ্যমে "বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড" গঠন করা হয়। ১৭ নভেম্বর, ২০১৪ তারিখ মন্ত্রিসভার বৈঠকে এ বোর্ডকে পানি সম্পদ মন্ত্রণালয়ের সংযুক্ত দপ্তর হিসেবে প্রতিষ্ঠা করার সিদ্ধান্তের প্রেক্ষিতে ২৪ জুলাই, ২০১৬ তারিখে "বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর" প্রতিষ্ঠার প্রজ্ঞাপন জারি করা হয়। যা ২৫ আগষ্ট ২০১৬ তারিখে গেজেট আকারে প্রকাশিত হয়।

## অধিদপ্তরের জনবল কাঠামো

বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে প্রধান কার্যালয়ের জন্য ৭৩ এবং আঞ্চলিক কার্যালয়ের জন্য ৪৫ সর্বমোট ১১৮টি পদ সৃজন ও অনুমোদন করা হয়েছে। বর্তমানে এ অধিদপ্তরের নিয়োগ বিধিমালা (কর্মকর্তা/কর্মচারী) ২০১৯ পাবলিক সার্ভিস কমিশনের মতামতের জন্য কমিশনে প্রেরণ করা হয়েছে। বর্তমানে অধিদপ্তরের মহাপরিচালক হিসেবে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে একজন অতিরিক্ত সচিব কর্মরত আছেন। তাছাড়া দুইজন যুগ্ম সচিব পরিচালক হিসেবে এবং দুইজন উপ-পরিচালক প্রেষণে কর্মরত আছেন। তাছাড়া তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ২৯ জন কর্মচারী অস্থায়ী ভাবে অধিদপ্তরে কর্মরত রয়েছেন।

**বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর এর অনুমোদিত জনবল, বর্তমান অবস্থা, শূন্য পদের বিবরণ:**

| ক্রমিক নং | পদের নাম | গ্রেড | পদের সংখ্যা | বর্তমান অবস্থা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | পূরণকৃত পদ | শূন্য পদ | |
| ১ | মহাপরিচালক | - | ০১ | ০১ (প্রেষণে নিয়োজিত) | - | নিয়োগ বিধিমালা (কর্মকর্তা/কর্মচারী) ২০১৯ পাবলিক সার্ভিস কমিশনের মতামতের জন্য কমিশনে প্রেরণ করা হয়েছে |
| ২ | পরিচালক (প্রশাসন ও অর্থ) | ৪ | ০১ | ০১ (প্রেষণে নিয়োজিত) | - | |
| | পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) | ৫ | ০১ | ০১ (প্রেষণে নিয়োজিত) | - | |
| | পরিচালক (পরিকল্পনা ও আইসিটি) | ৫ | ০১ | - | ০১ | |
| ৩ | নির্বাহী প্রকৌশলী (প্রকৌশল বিভাগ) | ৫ | ০১ | - | ০১ | |
| ৪ | উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) | ৬ | ০১ | ০১ (প্রেষণে নিয়োজিত) | - | |
| | উপ-পরিচালক (কৃষি, পানি ও পরিবেশ) | ৬ | ০১ | ০১ (প্রেষণে নিয়োজিত) | - | |
| | উপ-পরিচালক (পরিকল্পনা ও আইসিটি) | ৬ | ০১ | - | ০১ | |
| | উপ-পরিচালক (সুনামগঞ্জ) | ৬ | ০১ | - | ০১ | |
| | উপ-পরিচালক (কিশোরগঞ্জ) | ৬ | ০১ | - | ০১ | |
| | উপ-পরিচালক (নেত্রকোনা) | ৬ | ০১ | - | ০১ | |
| ৫ | উপ-বিভাগীয় প্রকৌশলী | ৬ | ০১ | - | ০১ | |
| ৬ | প্রোগ্রামার | ৯ | ০১ | - | ০১ | |
| ৭ | সহকারী প্রোগ্রামার | ৯ | ০১ | - | ০১ | |
| ৮ | সহকারী পরিচালক | ৯ | ০৭ | - | ০৭ | |
| ৯ | সহকারী মেন্টেনেন্স ইঞ্জিনিয়ার | ৯ | ০১ | - | ০১ | |
| ১০ | সহকারী প্রকৌশলী | ৯ | ০২ | - | ০২ | |
| ১১ | সহকারী গ্রন্থাগারিক | ১০ | ০১ | - | ০১ | |
| ১২ | হিসাবরক্ষণ কর্মকর্তা | ৯ | ০১ | - | ০১ | |
| ১৩ | হাইড্রো মরফোলজিস্ট | ৯ | ০১ | - | ০১ | |

| ক্রমিক নং | পদের নাম | গ্রেড | পদের সংখ্যা | বর্তমান অবস্থা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | পূরণকৃত পদ | শূন্য পদ | |
| ১৪ | হাইড্রোলজিস্ট | ৯ | ০১ | - | ০১ | |
| ১৫ | উপ-সহকারী পরিচালক (কৃষি/মৎস্য) | ১০ | ০২ | - | ০২ | |
| ১৬ | উপ-সহকারী প্রকৌশলী | ১০ | ০৩ | - | ০৩ | |
| ১৭ | মাঠ কর্মকর্তা | ১০ | ০৪ | - | ০৪ | |
| ১৮ | ডাটা কালেক্টর | ১৪ | ০২ | - | ০২ | |
| ১৯ | সার্ভেয়ার | ১৬ | ০৪ | - | ০৪ | |
| ২০ | হিসাবরক্ষক | ১৪ | ০১ | - | ০১ | |
| ২১ | ড্রাফটসম্যান | ১৩ | ০১ | - | ০১ | |
| ২২ | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ১৬ | ০৯ | ০৩টি পদ অস্থায়ীভাবে পূরণকৃত | ০৬ | |
| ২৩ | ডাটা এন্ট্রি অপারেটর | ১৬ | ০৩ | ০৩টি পদ অস্থায়ীভাবে পূরণকৃত | - | |
| ২৪ | ব্যক্তিগত সহকারী | ১৬ | ০৪ | ০৩টি পদ অস্থায়ীভাবে পূরণকৃত | ০১ | |
| ২৫ | হিসাব সহকারী | ১৬ | ০৩ | ০২টি পদ অস্থায়ীভাবে পূরণকৃত | ০১ | |
| ২৬ | স্টোর কিপার | ১৬ | ০১ | - | ০১ | |
| ২৭ | গাড়ী চালক | ১৯ | ০৬ | ০৪টি পদ অস্থায়ীভাবে পূরণকৃত | ০২ | |
| ২৮ | স্পীড বোট চালক | ২০ | ০৩ | - | ০৩ | |
| ২৯ | ইঞ্জিন বোট চালক | ২০ | ০৩ | - | ০৩ | |
| ৩০ | ইলেক্ট্রিশিয়ান | ২০ | ০১ | - | ০১ | |
| ৩১ | মেকানিক | ১১ | ০১ | - | ০১ | |
| ৩২ | বার্তাবাহক | ২০ | ০৪ | ০৩টি পদ অস্থায়ীভাবে পূরণকৃত | ০১ | |
| ৩৩ | অফিস সহায়ক | ২০ | ২৫ | ০৯টি পদ অস্থায়ীভাবে পূরণকৃত | ১৬ | |
| ৩৪ | নিরাপত্তা প্রহরী | ২০ | ০৫ | ০২টি পদ অস্থায়ীভাবে পূরণকৃত | ০৩ | |
| ৩৫ | পরিচ্ছন্নকর্মী | ২০ | ০৫ | - | ০৫ | |
| মোট | | | ১১৮ | ৩৪ | ৮৪ | |

## ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেট বরাদ্দ ও ব্যয়

| অর্থবছর | বাজেট বরাদ্দ (লক্ষ টাকা) | | অর্থ বছরের জুন পর্যন্ত ব্যয় (লক্ষ টাকা) | |
|---|---|---|---|---|
| | অনুন্নয়ন | উন্নয়ন | অনুন্নয়ন | উন্নয়ন |
| ২০১৮-২০১৯ | ৪০০.০০ | ১৯৫১.০০ | ২২৮.৩৪ | ১৫৩২.৬৬ |

## বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের সদ্য সমাপ্ত উন্নয়ন প্রকল্প ঃ

২০১৬, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ অর্থ বৎসরে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরে নিম্নবর্ণিত ৪টি প্রকল্প সমাপ্ত হয়েছে ঃ-

১। Classification of Wetlands of Bangladesh শীর্ষক সমীক্ষা প্রকল্প। এ প্রকল্পের মাধ্যমে দেশের ৬৪ জেলায় অবস্থিত সকল জলাভূমির শ্রেণীবিন্যাস, জলাভূমির মাটির প্রকৃতি সনাক্তকরণ, জলজ Fauna ও Flora চিহ্নিত করে তালিকাভূক্ত করা হয়েছে। জুলাই ২০১৫-ডিসেম্বর ২০১৬ মেয়াদে প্রকল্পটি সমাপ্ত হয়েছে এবং চুড়ান্ত প্রতিবেদন অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

২। Model Validation on Hydro-Morphological Process of the River System in the Subsiding Sylhet Haor Basin শীর্ষক সমীক্ষা প্রকল্প। এ প্রকল্পের মাধ্যমে সিলেট অঞ্চলের নদীর গতি প্রকৃতির একটি Conceptual মডেল যাচাই করা হয়েছে। প্রকল্পটির মেয়াদ জুলাই ২০১৫- জুন ২০১৭। প্রকল্পটির চুড়ান্ত প্রতিবেদন অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

৩। Impact Assessment of Structural Intervention in Haor Ecosystem and Innovation for Solution. এ প্রকল্পের মাধ্যমে দেশের হাওর অঞ্চলে বিভিন্ন সংস্থা কর্তৃক যে সব অবকাঠামো তৈয়ার করা হয়েছে, পরিবেশের ওপর তাদের প্রভাব নিরূপণ করা হয়েছে এবং সম্ভাব্য সমাধানের সুপারিশের ব্যবস্থা করা হয়েছে। প্রকল্পটির বাস্তবায়নকাল জানুয়ারী, ২০১৬-ডিসেম্বর, ২০১৭। প্রকল্পটির চূড়ান্ত প্রতিবেদন অধিদপ্তরের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

৪। Study for Investigation of Groundwater and Surface Water Irrigation in Habiganj, Maulavibazar, Sylhet, Sunamganj, Netrokona and Kishorganj District এ ০৬টি জেলার হাওর এলাকার ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানির বর্তমান অবস্থা নিরূপণ এবং গাণিতিক মডেল প্রস্তুত করা হচ্ছে। এ প্রকল্পের ফলাফলের ভিত্তিতে সুপারিকৃত এলাকায় প্রাকৃতিক পানির যুক্তিযুক্ত ব্যবহার সম্ভব হবে। প্রস্তাবিত কর্মসূচীর বাস্তবায়নকাল ডিসেম্বর, ২০১৫-জুন, ২০১৯ পর্যন্ত ।

## বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের চলমান উন্নয়ন প্রকল্প ঃ

সরকারের রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের অধীনে দেশের হাওর ও জলাভূমি অঞ্চলে নিম্নবর্ণিত দুইটি সমীক্ষা প্রকল্প বাস্তবায়িত হচ্ছে ঃ-

১। Study of Interaction Between Haor and River Ecosystem Including Development of Wetland Inventory and Wetland Management Framework এ প্রকল্পের মাধ্যমে দেশের সকল জলাভূমির একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত এবং জলাভূমি ব্যবস্থাপনার রূপরেখা তৈরী করা হচ্ছে। প্রকল্পটির বাস্তবায়নকাল জুলাই, ২০১৫-জুন, ২০২০ পর্যন্ত। অগ্রগতি ৮৫%।

২। ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্পের আওতায় "Comprehensive indepth study for sustainable Restoration and Protection of Wetlands (Haor, baor, beel and connected rivers etc.) and Development of a Dynamic Tool to Assess Temporal Variations of Wetlands in Different Hydrological Regions of Bangladesh" শিরোনামে কার্যক্রমের মাধ্যমে ভূ-উপরিস্থ পানি ব্যবহার করে সেচ সুবিধা বৃদ্ধি/মাছ চাষ করার উদ্দেশ্যে দেশের অভ্যন্তরীণ জলাশয় হতে উৎপত্তিকৃত নদী সনাক্তকরণ, নদী সংরক্ষণ ও পুনরুদ্ধারকরণ, জলাশয়ের পানি ধারণ ক্ষমতা বৃদ্ধি, জলজ পরিবেশ ও প্রতিবেশ, জীববৈচিত্র্য ও আনুষাঙ্গিক তথ্য সংগ্রহ করা এবং জলাশয় সংরক্ষণ ও এর সঠিক ব্যবহার পদ্ধতির ওপর সুপারিশমালা তৈরীর উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

## হাওর মহাপরিকল্পনা বাস্তবায়ন

বাংলাদেশের উত্তর পূর্বাঞ্চলের সুনামগঞ্জ, সিলেট, মৌলভীবাজার, হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, কিশোরগঞ্জ ও নেত্রকোনা এ ৭টি জেলার ২.০ কোটি জনগণের উন্নয়ন চাহিদার ভিত্তিতে প্রণীত হাওর মহাপরিকল্পনায় ১৭টি সেক্টরে ১৫৪টি উন্নয়ন প্রকল্প চিহ্নিত করা হয়েছে। ইতোমধ্যে বাংলাদেশ সরকারের ১৬টি মন্ত্রণালয়ের ৩৮টি সরকারি এজেন্সী/বিভাগ উক্ত মহাপরিকল্পনায় বর্ণিত প্রকল্পগুলো স্বল্প, মধ্যম ও দীর্ঘ মেয়াদে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করছে। উক্ত মহাপরিকল্পনার আলোকে ইতোমধ্যে ৪০টি সংস্থা ১১০টিরও অধিক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন শুরু করেছে।

## উন্নয়ন ক্ষেত্র/সেক্টরভিত্তিক হাওর মহাপরিকল্পনা (২০১২-২০৩২) বাস্তবায়ন অগ্রগতি

| উন্নয়ন ক্ষেত্র, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্প শিরোনাম, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম | ভৌত ও আর্থিক অগ্রগতি |
|---|---|---|
| **উন্নয়ন ক্ষেত্র ১: পানি সম্পদ, মোট প্রকল্পসংখ্যা : ১৬**<br>**১। বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড** | | |
| প্রকল্পের নাম: হাওর অঞ্চলের বন্যা ব্যবস্থাপনা ও জীবন যাত্রার মান উন্নয়ন প্রকল্প, (JICA অর্থায়নে, বাপাউবো অংশ), বাস্তবায়নকাল : ২০১৪-২০২২, প্রাক্কলিত ব্যয়: ৯৯৩৩৭ লক্ষ টাকা । | কিশোরগঞ্জ, হবিগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া, সুনামগঞ্জ ও নেত্রকোণা জেলার ২৯ টি হাওরে (১৫ টি পুনর্বাসন হাওর ও ১৪ টি নুতন হাওর) বন্যা ব্যবস্থাপনা ও কৃষিসহ বিভিন্নভাবে আয় বর্ধক কার্যক্রমের মাধ্যমে জনগণের জীবনমান উন্নয়ন এ প্রকল্পের উদ্দেশ্য। | ভৌত অগ্রগতি: ৩২% |
| প্রকল্পের নাম: কালনী কুশিয়ারা নদী ব্যবস্থাপনা প্রকল্প, বাস্তবায়নকাল: ২০১৪-জুন ২০২০, প্রাক্কলিত ব্যয়: ৭৪২৪৭৩ লক্ষ টাকা। | নদী ড্রেজিং এর মাধ্যমে পানি ধারণক্ষমতা বৃদ্ধিকরণ ও বন্যা নিয়ন্ত্রণ | ভৌত অগ্রগতি: ১৬.৭৫% আর্থিক : ৪৯৯২.৫০ লক্ষ টাকা |
| প্রকল্পের নাম: হাওর এলাকায় আগাম বন্যা প্রতিরোধ ও নিষ্কাশন উন্নয়ন প্রকল্প। বাস্তবায়নকাল:২০১১-২০১৯, প্রাক্কলিত ব্যয়: ৫৮৭২৯ লক্ষ টাকা | সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজার, কিশোরগঞ্জ ও নেত্রকোণা জেলার ২৯টি উপজেলায় ৫২ টি হাওরে আগাম বন্যা নিয়ন্ত্রণে বাঁধ নির্মাণ ও মেরামত করার ফলে ২,৮৯,৯১১ হে. জমির বোরো ফসল আগাম বন্যার কবল হতে রক্ষা পাবে। ৫২ টি হাওরের ডুবন্ত বেড়ীবাঁধ পুনঃনির্মাণের ফলে যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন করা হচ্ছে। | ভৌত ৭১.৫০% আর্থিক : ৩৫৫৬৮.৮৬ লক্ষ টাকা। |
| প্রকল্পের নাম: পানিবিজ্ঞান সম্পর্কিত তথ্য সেবা ও আগাম সতর্কীকরণ ব্যবস্থা শক্তিশালীকরণ। বাস্তবায়নকাল: ২০১৬-২০২১, প্রাক্কলিত ব্যয়: ৩৪০৬৫ লক্ষ টাকা। | ক) হাইড্রোলজিক্যাল মনিটরিং নেটওয়ার্ক আধুনিকায়ন ও শক্তিশালীকরণ খ) বিভিন্ন আধুনিক হাইড্রোলজিক্যাল যন্ত্রপাতি ক্রয় গ) সমগ্র দেশের বন্যা পূর্বাভাস ব্যবস্থার উন্নয়নসহ নদীবাহিত বন্যা, আকস্মিক বন্যা, বৃষ্টিপাত জনিত বন্যা এবং সাইক্লোন ও জলোচ্ছাস এর বিষয়ে আগাম সতর্কতা প্রদান ব্যবস্থার উন্নয়ন ঘ) পানি সম্পর্কিত অন্যান্য দুর্যোগের পূর্বাভাস/আগাম সতর্কতা প্রদান ব্যবস্থার উন্নয়ন এবং ঘ)হাইড্রোলজিক্যাল যন্ত্রপাতির ব্যবহার, মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন। | ভৌত অগ্রগতি: ৭% আর্থিক ১৪২৭.৩৫ লক্ষ টাকা |
| প্রকল্পের নাম: নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন হাইজদাবাদের ঝুঁকিপূর্ণ স্থানসমূহ শক্তিশালীকরণ। বাস্তবায়নকাল:<br>২০১৭-২০১৯, প্রাক্কলিত ব্যয়: ৪৬৯৯ লক্ষ টাকা। | বন্যা প্রতিরোধের মাধ্যমে মোহনগঞ্জ জেলার ফসল রক্ষা | |
| প্রকল্পের নাম: ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখনন প্রকল্প (১ম পর্যায়), বাস্তবায়নকাল: ২০১৮-২০২০, প্রাক্কলিত ব্যয় : ২২০০০০০ লক্ষ টাকা | দেশের ৬৪ জেলার অভ্যন্তরস্থ ছোট নদী, খাল এবং জলাশয় পুনঃখননের মাধ্যমে দেশের জলাধার সংরক্ষণ এবং পরিবেশের বিরূপ প্রভাব নিরসন। | - |

| উন্নয়ন ক্ষেত্র, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্প শিরোনাম, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম | ভৌত ও আর্থিক অগ্রগতি |
|---|---|---|
| **২। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর** | | |
| প্রকল্পের নাম: কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প,<br>বাস্তবায়নকাল : ২০১৬-২০২১,<br>প্রাক্কলিত ব্যয় : ৩৪০৬৫ লক্ষ টাকা | মূল উদ্দেশ্য হলো: আবহাওয়া এবং নদ নদীর সামগ্রিক অবস্থা সম্পর্কিত উন্নতমানের এবং যুগপোয়োগী তথ্যাদি কৃষকগণের নিকট পৌঁছানো এবং এ সংক্রান্ত তথ্য উপাত্ত সংগ্রহের উন্নত উৎস ব্যবহার বিষয়ে ডিএইর সক্ষমতা বৃদ্ধি করা। | প্রশিক্ষণ-১৪৪১ ব্যাচ, জাতীয় কর্মশালা ৫টি, আঞ্চলিক কর্মশালা ৭০টি, বৈদেশিক প্রশিক্ষণ ও এক্সপোজার ভিজিট ১১০জন। আর্থিক অগ্রগতি: ২৮২১ লক্ষ টাকা |
| **৩। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর** | | |
| প্রকল্পের নাম: বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে মন্ত্রণালয়ের সংযুক্ত অধিদপ্তর হিসেবে প্রতিষ্ঠা করণ | নূতন জনবল নিয়োগের জন্য নিয়োগ বিধি-২০১৮ জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুমোদনের প্রক্রিয়াকরণ | ভৌত অগ্রগতি: ৬০% (প্রায়) |
| প্রকল্পের নাম : Study for Investigation of Groundwater and Surface water Irrigation in Habiganj, Maulvibazar, Sylhet, Sunamganj, Netrokona and Kishorganj Districts. বাস্তবায়নকাল: ডিসেম্বর ২০১৫- জুন, ২০১৯ প্রাক্কলিত ব্যয়: ১৪৮১.৯০ লক্ষ টাকা | এ ০৬টি জেলার হাওর এলাকার ভূ-গর্ভস্থ ও ভূ-উপরিস্থ পানির বর্তমান অবস্থা নিরূপণ এবং গাণিতিক মডেল প্রস্তুতকরণ। এ প্রকল্পের ফলাফলের ভিত্তিতে সুপারিশকৃত এলাকায় প্রাকৃতিক পানির যুক্তিযুক্ত ব্যবহার সম্ভব হবে। | ভৌত অগ্রগতি: ১০০%<br>আর্থিক : ১০০ % |
| প্রকল্পের নাম : Study of Interaction between Haor and River Ecosystem including Development of Wetland Inventory and Sustainable Wetland Management Framework. বাস্তবায়নকাল: জুলাই ২০১৫- জুন ২০২০<br>প্রাক্কলিত ব্যয়: ৫৪৪০.৭০ লক্ষ টাকা | দেশের সকল জলাভূমির একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত এবং জলাভূমির ব্যবস্থাপনার রূপরেখা তৈরী করা হবে। | ভৌত ও আর্থিক ৭১%। |
| প্রকল্পের নাম: Comprehensive Feasibility study for sustainable Restoration and protection of wetlands in different hydrological regions of Bangladesh শীর্ষক সমীক্ষা প্রকল্প। বাস্তবায়নকাল: ২০১৮-২০২০, প্রাক্কলিত ব্যয়: ১৯৯৮ লক্ষ টাকা | এ প্রকল্পের মাধ্যমে দেশের নির্দিষ্ট ৮১ টি জলাভূমির খনন ও টেকসই উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণের পূর্বে সম্ভাব্যতা যাচাই করা। | আর এফপি তৈয়ার/জারি করা হয়েছে |
| **৪। যৌথ নদী কমিশন** | | |
| প্রকল্পের নাম : Joint Study on Indian Proposed Tipaimukh Hydro-electric (multipurpose) Project বাস্তবায়নকাল : ২০১২-২০১৮, প্রাক্কলিত ব্যয়: ১৮৫ লক্ষ টাকা | ভারত-বাংলাদেশ যৌথ নদী সমীক্ষা কার্যক্রম। | ভারত-বাংলাদেশ যৌথ Study Group এর ৩টি বৈঠক অনুষ্ঠিত হয়েছে। |
| **৫। জাতীয় নদী রক্ষা কমিশন** | | |
| প্রকল্পের নাম : Detailed Study on 48 Rivers for building Database and Conservation of Rivers from Population Illegal Occupation and other abused of rivers (1st Phase) Project<br>বাস্তবায়নকাল : ২০১৭-২০২১ প্রাক্কলিত ব্যয়: ৩০২৮ লক্ষ টাকা | ৪৮ টি নদীর তথ্য সংগ্রহ ও ডাটাবেস তৈরী, অবৈধ দখল থেকে নদী রক্ষা। | অগ্রগতির প্রতিবেদন চেয়ে পত্র দেয়া হয়েছে |

| উন্নয়ন ক্ষেত্র, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্প শিরোনাম, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম | ভৌত ও আর্থিক অগ্রগতি |
|---|---|---|
| **৬। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর** | | |
| প্রকল্পের নাম : Haor Infrastructure & Livelihood Improvement Project (HILIP), | ঢেউয়ের কবল থেকে গ্রাম রক্ষা, Component of HILIP project | ভৌত -৭৬%<br>আর্থিক -৭১.৩৬% |
| প্রকল্পের নাম : Haor Flood Management and Livelihood Improvement Project, (JICA Funded. LGED Part), বাস্তবায়নকাল: জুলাই ২০১৪- জুন ২০২২ প্রাক্কলিত ব্যয়: ৮৫৮২৬ লক্ষ টাকা (জিওবি ৩২১৭৬ লক্ষ টাকা+ প্রকল্প সাহায্য ৫৩৬৪৯ লক্ষ টাকা) | উদ্দেশ্য : বন্যার কবল হতে ফসলের ক্ষতি হ্রাস, যাতায়াতের সুবিধা বৃদ্ধি এবং মৎস্য সম্পদের উৎপাদনশীলতা বৃদ্ধির মাধ্যমে হাওর অঞ্চলের জনগণের জীবনমান উন্নয়ন। কার্যক্রম: ১২০ কি:মি. উপজেলা সড়ক, ৯৮ কি:মি. ইউনিয়ন সড়ক, ১৯৮কি:মি. গ্রামীণ সড়ক, ৮৮৭ মি. ব্রীজ, ৮৯০ মি. কালভার্ট নির্মাণ, ২০০ কি:মি. অবকাঠামো রক্ষণাবেক্ষণ, ২০০ কি:মি. নির্মাণকালীন গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ, ২২টি হাট নির্মাণ, ও ২৪টি ল্যান্ডিং ঘাট নির্মাণ করা হবে। এছাড়াও মৎস্য সম্পদ উন্নয়ন এর আওতায় ১৫০ টি বিলের উন্নয়ন কাজ (অভয়াশ্রম ও জলজ উদ্ভিদ রক্ষা) এবং ২১০ কি:মি. বিল সংযোগ খাল খনন করা হবে। | ভৌত ৪৬.০%, উপজেলা সড়ক-৫৫ কি.মি. ইউনিয়ন সড়ক-৭২ কি.মি. গ্রাম সড়ক-৭৫.২০ কি.মি. অবকাঠামো রক্ষণাবেক্ষণ-৭৪ কি.মি. খাল পুনঃখনন-৪০ কি.মি. বিল খনন-২২টি হাট-৭টি ও ল্যান্ডিং ঘাট-৭টি। আর্থিক ৪০.১৪% |
| **৭। আবহাওয়া অধিদপ্তর** | | |
| প্রকল্পের নাম: আবহাওয়ার তথ্য সেবা ও আগাম সতর্কবাণী পদ্ধতি জোরদারকরণ (কম্পোনেন্ট এ), বাস্তবায়ন কাল : ২০১৭-২০২১, প্রাক্কলিত ব্যয় : ৫২০১৫ লক্ষ টাকা | আগাম বন্যা প্রতিরোধে অগ্রিম সতর্কবাণী পদ্ধতি উদ্ভাবন | অগ্রগতির প্রতিবেদন চেয়ে পত্র দেয়া হয়েছে |
| **উন্নয়ন ক্ষেত্র ২: কৃষি, মোট প্রকল্প সংখ্যা ১৮**<br>**৮। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর** | | |
| প্রকল্পের নাম: খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প বাস্তবায়নকাল: জুলাই, ২০১৩ - জুন, ২০১৮ প্রাক্কলিত ব্যয়: ৩৩৯৪৩.৯৬ লক্ষ টাকা | ক) কৃষিকাজে প্রাণিশক্তি ও শ্রমিকের মারাত্মক সংকটের কারণে কৃষক পর্যায়ে খামার যন্ত্রপাতি সরবরাহের মাধ্যমে উৎপাদন বৃদ্ধি ও উন্নয়ন টেকসই করা। খামার পর্যায়ে লাগসই কৃষি যন্ত্রপাতি সম্প্রসারণের মাধ্যমে উৎপাদন খরচ হ্রাস, শস্যের নিবিড়তা বৃদ্ধি ও শস্য অপচয় কমিয়ে আনা। কৃষি যান্ত্রিকীকরণ সংশ্লিষ্ট স্টেকহোল্ডার সক্ষমতা বৃদ্ধি | ৭০% উন্নয়ন সহায়তা (ভর্তুকি) জুলাই ২০১৩ থেকে ৩০ এপ্রিল/২০১৯ পর্যন্ত হাওর এলাকায় উন্নয়ন সহায়তায় যন্ত্রপাতি বিতরণ:<br>ক) পাওয়ার টিলার ১৫০৮টি রাইস.ট্রান্সপ্লান্টার ৩৫টি পাওয়ার থ্রেসার ১৭৫৯টি কম্বাইন্ড হারভেস্টার ৫৩৩টি, রিপার ১৬৪৫টি সিডার ৮৬টি ফুট পাম্প ১৫টি।<br>খ) প্রদর্শনী ও মাঠ দিবস।<br>আর্থিক: ৩১৬২৫ লক্ষ টাকা |

| উন্নয়ন ক্ষেত্র, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্প শিরোনাম, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম | ভৌত ও আর্থিক অগ্রগতি |
|---|---|---|
| প্রকল্পের নামঃ সমন্বিত খামার ব্যবস্থাপনা কম্পোনেন্ট, কৃষি উৎপাদন ও কর্মসংস্থান কর্মসূচী, প্রাক্কলিত ব্যয়: ৩৫৭৯৯.১৩ বাস্তবায়নকাল: জুলাই ২০১৩- ডিসেম্বর ২০১৮। নতুন phase এর জন্য প্রস্তাব করা হয়েছে। | প্রধান উদ্দেশ্যঃ কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ভূমিহীন, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষি পরিবারের পুরুষ ও মহিলা সদস্যদের দক্ষতা বৃদ্ধি করা। বিশেষ উদ্দেশ্যঃ ১) কৃষক মাঠ স্কুলে কৃষকদের প্রযুক্তি ও ব্যবস্থাপনা কৌশল বিষয়ে হাতে-কলমে শেখানো। ২) কৃষক সংগঠন তৈরি এবং সেবা প্রদানকারী সংস্থা, ক্ষুদ্র বিনিয়োগকারী সংস্থা ও বাজার নিয়ন্ত্রকগণের সাথে সংযোগ স্থাপন। ৩। কৃষক নির্ভর সম্প্রসারণ সেবা প্রদানের ক্ষেত্রে জাতীয় পর্যায়ের সংলাপকে জোরদার করা । | ভৌতঃ কৃষক মাঠ স্কুল স্থাপন -১৭১০০ টি, কৃষক সংগঠন তৈরী ৮৫৩টি, কৃষক/ কৃষক সংগঠনের নেতা প্রশিক্ষণ: ১৪৭ জন, কৃষক প্রশিক্ষক প্রশিক্ষণ -৮৮৪৮৫৫ জন, ওরিয়েন্টেশন ৬৯টি আর্থিক: ৩৪৩৪২ লক্ষ টাকা |
| প্রকল্পের নামঃ সমন্বিত কৃষি উন্নয়নের মাধ্যমে পুষ্টি ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরন প্রকল্প<br>প্রাক্কলিত ব্যয়: ৭৩০০.০০ (লক্ষ টাকা)<br>বাস্তবায়নকাল: জুলাই, ২০১৪- জুন ২০২০। | উদ্দেশ্যঃ ১) কৃষি প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে উৎপাদনশীলতা ও শস্যের নিবিড়তা ১৫-২০% বৃদ্ধি করা। ২) কৃষি যান্ত্রিককরণের মাধ্যমে কৃষির উন্নয়ন, কৃষক গ্রুপ গঠন ও গ্রুপের কার্যক্রম জোরদারকরণ এবং বিদ্যমান শস্য বিন্যাসের মধ্যে উচ্চমূল্যের ফসল ও স্বল্প পানি চাহিদার মাধ্যমে বহুমূখী শস্য আবাদ এলাকা বৃদ্ধি করা। ৩) বসতবাড়ী ও বিদ্যালয় প্রাঙ্গনে ফল, সবজি বাগান স্থাপন, মহিলা, ছাত্র ছাত্রী এবং জনসাধারণের মধ্যে পুষ্টি সচেতনা বৃদ্ধি করা । ৪) কৃষি উৎপাদন বৃদ্ধি, বিভিন্ন কৌশলের মাধ্যমে চর, হাওর ও দারিদ্র প্রবণ এলাকায় খাদ্য নিরাপত্তা অর্জন এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা । | ভৌত: প্রদর্শনী- ২৬০৫টি, কৃষক-কৃষাণী, এসএএও প্রশিক্ষণ ৩০২ ব্যাচ, কৃষক গ্রুপ গঠন ১১৮টি, কৃষক উদ্বুদ্ধকরণ ভ্রমণ ৬ ব্যাচ, কৃষি মেলা ৫টি, পাওয়ার টিলার বিতরণ ১১৮টি, হ্যান্ড স্প্রেয়ার বিতরণ ৭০৮টি, ফুট পাম্প ১১৮টি, এলএলপি বিতরণ ১৬৮টি, পাওয়ার স্প্রেয়ার ২৬টি, পাওয়ার থ্রেসার ১১৮টি। আর্থিক: ৫৮২ লক্ষ টাকা |
| প্রকল্পের নামঃ হাওর এলাকায় পাট চাষ সম্প্রসারণ প্রকল্প, প্রাক্কলিত ব্যয়: ৭০০.০০(লক্ষ টাকা)<br>বাস্তবায়নকাল: জুলাই ২০১৭- জুন ২০২০ | ১) হাওর এলাকায় পাটের আবাদ ৫% বৃদ্ধি। ২) উচ্চ ফলনশীল ও খাটো জাতের পাট চাষে উন্নত প্রযুক্তির বিস্তার। ৩) প্রকল্প এলাকায় পাট চাষে দক্ষ জনবল সৃষ্টি। | ডিপিপি মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন। |
| প্রকল্পের নামঃ বছরব্যাপী ফল উৎপাদনের মাধ্যমে পুষ্টি উন্নয়ন শীর্ষক প্রকল্প। প্রাক্কলিত ব্যয়: ১৯৫০০.৬২ লক্ষ টাকা, বাস্তবায়নকাল: জুলাই ২০১৫- জুন ২০২১। | ১) দেশের তিনটি পাহাড়ী জেলাসহ উপকূলীয় ও অন্যান্য অঞ্চলের অব্যবহৃত জমি ও বসতবাড়ীর পাশের জমিকে আধুনিক চাষাবাদের আওতায় এনে উদ্যান ফসলের উৎপাদন বৃদ্ধিসহ সমতল ভূমিতে অন্যান্য মাঠ ফসলের উৎপাদনের সুযোগ অক্ষুণ্ন রাখা। ২) দেশীয় ও রপ্তানীযোগ্য ফসলে ক্লাস্টার/ ক্লাবভিত্তিক উৎপাদন। বিদ্যমান হর্টিকালচার সেন্টারসমূহের অবকাঠামো উন্নয়ন ও আধুনিকায়ন এবং নতুন হর্টিকালচার স্থাপনের মাধ্যমে মানসম্পন্ন চারা কলম উৎপাদন বৃদ্ধি। ৩) উদ্যান ফসলের প্রযুক্তি সম্প্রসারণ ৪) নারীর ক্ষমতায়ন, আয় বৃদ্ধি এবং উদ্যান বিষয়ে কাজের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচন। | প্রদর্শনী ৮৩১৫০টি, প্রশিক্ষণ ৯৬২৪ ব্যাচ, শিক্ষা সফর ৯৮ ব্যাচ, ভূমি ও অবকাঠামো উন্নয়ন, ইত্যাদি। আর্থিক: ১৯৮৩৬ লক্ষ টাকা |

| উন্নয়ন ক্ষেত্র, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্প শিরোনাম, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম | ভৌত ও আর্থিক অগ্রগতি |
|---|---|---|
| প্রকল্পের নাম : সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প<br>বাস্তবায়নকাল: মার্চ- ২০১৫-জুন ২০১৯<br>প্রকল্প ব্যয়: ৭৪৮৫.০০ লক্ষ টাকা। | ১) টেকসই কৃষি প্রযুক্তি অভিযোজনের মাধ্যমে অনাবাদী কৃষি জমি কাজে লাগিয়ে শস্যের নিবিড়তা ও উৎপাদন বৃদ্ধি এবং বিপণন ব্যবস্থার উন্নয়ন। ২) দক্ষ ব্যবস্থাপনা কৌশল সম্প্রসারণের মাধ্যমে সবজি ও উদ্যান ফসলের উৎপাদন বৃদ্ধি। ৩) উন্নত জাত, মান সম্পন্ন বীজ, বালাই ব্যবস্থাপনা ও সেচ ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি। | ভৌত: কৃষক প্রশিক্ষণ ২৪৫০ ব্যাচ, সুফলভোগী কৃষক প্রশিক্ষণ ২০০০ ব্যাচ, এসএএও প্রশিক্ষণ ৪০ ব্যাচ প্রদর্শনী স্থাপন ১৩৭৭৬টি। মাঠ দিবস ৫০০ টি। উদ্বুদ্ধকরণ ভ্রমণ ১৭০টি, কৃষি মেলা ১০০টি, কর্মকর্তা প্রশিক্ষণ ৪ ব্যাচ, এ ক্সপোজার ভিজিট ৬ ব্যাচ, কর্মশালা ২৫টি।<br>আর্থিক: ৫০২৬ লক্ষ টাকা |
| প্রকল্পের নাম: ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ প্রকল্প (সম্প্রসারণ অধিদপ্তরের অংশ), বাস্তবায়নকাল: ২০১৭- ২০২২ প্রকল্প ব্যয়: ২৬৪৫ লক্ষ টাকা | বর্ষাকালে ছোট নদীর কিনারে, জলাশয় ও জলাবদ্ধ এলাকায় কচুরিপানা, আগাছা ইত্যাদি দ্বারা তৈরীকৃত ভাসমান বেডে বীজতলা, শাকসজী চাষাবাদ সম্প্রসারণ করা। | কৃষক প্রশিক্ষণ ৭০ ব্যাচ, সুফলভোগী কৃষক প্রশিক্ষণ ১৬৩ ব্যাচ, এসএএও প্রশিক্ষণ ৬ ব্যাচ, প্রদর্শনী স্থাপন ২৪৭৩টি।<br>আর্থিক: ৫৯৭.১৮ লক্ষ টাকা |
| প্রকল্পের নাম: সমন্বিত বালাই ব্যবস্থাপনা (আপিএম) কৌশলের মাধ্যমে নিরাপদ ফসল উৎপাদন প্রকল্প | সমন্বিত বালাই ব্যবস্থাপনার মাধ্যমে মাঠ ফসল ও গুদামে খাদ্য শস্য রক্ষা করা বিষয়ে প্রশিক্ষিত জনবল তৈরী করা। | ভৌত অগ্রগতি : ৮৫%, আর্থিক: ৮৮% |
| প্রকল্পের নাম: চাষি পর্যায়ে উন্নত মানের ধান, গম ও পাট বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প (২য় পর্যায়) | ফসল উৎপাদন বৃদ্ধি কল্পে স্থানীয় পর্যায়ে উন্নত মানের বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ বিষয়ে প্রশিক্ষণ ও প্রদর্শনী খামার স্থাপন। | ভৌত অগ্রগতি: ১০০%, আর্থিক ১০০% |
| প্রকল্পের নাম: খামার পর্যায়ে উন্নত পানি ব্যবস্থাপনা প্রযুক্তির মাধ্যমে ফসল উৎপাদন বৃদ্ধি প্রকল্প। জুলাই ২০১৩-জুন ২০২০। | উন্নত পদ্ধিতে পানি ব্যস্থপনার মাধ্যমে কৃষিতে সেচ দক্ষতা বৃদ্ধি, সেচ এলাকা বৃদ্ধি ও খরচ কমানো, ইত্যাদি। | আর্থিক অগ্রগতি: ৬০৬.৮৫ লক্ষ টাকা |
| প্রকল্পের নাম: Citrus Development Project | মাল্টা, কমলা, বাতাবী লেবু ও অন্যান্য জাতীয় ফল উৎপাদনের জন্য কৃষক উদ্বুদ্ধকরণ, আবাদ বৃদ্ধি করা আমদানি কমানো এবং ভিটামিন সি এর চাহিদা পূরণ ইত্যাদি। | ভৌত অগ্রগতি: ১০০%, আর্থিক ১০০% |
| **৯। বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বি.এ.আর.আই)** | | |
| প্রকল্পের নাম: ভাসমান বেডে সবজি ও মসলা চাষ গবেষণা, সম্প্রসারণ ও জনপ্রিয়করণ প্রকল্প (গবেষণা অংশ), বাস্তবায়নকাল: ২০১৭- ২০২২, প্রকল্প ব্যয়: ৩৬৫১ লক্ষ টাকা | গবেষণার মাধ্যমে ভাসমান বেডে বীজতলা, শাকসজী চাষাবাদের প্রযুক্তি উদ্ভাবন করা। | ভৌত ১০%, আর্থিক ১৫% |

| উন্নয়ন ক্ষেত্র, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্প শিরোনাম, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম | ভৌত ও আর্থিক অগ্রগতি |
|---|---|---|
| **১০। বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন** | | |
| প্রকল্পের নাম: সিলেট বিভাগ ক্ষুদ্র সেচ উন্নয়ন প্রকল্প। বাস্তবায়নকাল:২০১৪-২০১৯, প্রাক্কলিত ব্যয়: ১৫৬৯৩ (লক্ষ টাকা)। | সেচ অবকাঠামো নির্মাণ ও উন্নয়নের মাধ্যমে ভূ-গর্ভস্থ/ভূ-উপরিস্থ পানির যথাযথ ব্যবহার করে অতিরিক্ত ১৪,৩৭৫ হে. জমিতে সেচ সুবিধা সম্প্রসারণপূর্বক প্রতি বছর প্রায় ৮৬,২৫১ মে. টন অতিরিক্ত খাদ্য শস্য উৎপাদন এবং সেচযন্ত্রের ২০০ জন মালিক/ম্যানেজার/চালক ফিল্ডম্যান ও ৪০০ জন কৃষকদের প্রশিক্ষণ প্রদানপূর্বক দক্ষ জনশক্তি তৈরীর মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও দারিদ্র দূরীকরণ। | ভৌত অগ্রগতি: ৯২% আর্থিক ১৪৪৯৮.২৩ লক্ষ টাকা |
| প্রকল্পের নাম: কিশোরগঞ্জ জেলা ক্ষুদ্র সেচ উন্নয়ন প্রকল্প। বাস্তবায়নকাল: জানুয়ারী ২০১৯- জুন ২০২৪, প্রাক্কলিত ব্যয়: ২৯২৮৬ লক্ষ টাকা। | ক) খাল খনন/পুন:খনন, ফসল রক্ষা বাধ নির্মাণ এবং সেচযন্ত্র ক্ষেত্রায়নের মাধমে ভূ-উপরিস্থ পানির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে ১৬৬২৫ হে. জমিতে সেচ সুবিধা প্রদান ও আগাম বন্যা হতে ফসল রক্ষা এবং ৪৯৮৭৫ মে.টন অতিরিক্ত খাদ্যশস্য ও শাকসবজি উৎপাদন করা। খ) আধুনিক সেচ প্রযুক্তি প্রয়োগ করে সেচের পানির সাশ্রয়ী ব্যবহারের মাধ্যমে সেচ দক্ষতা বৃদ্ধি। গ) যুগোপযোগী প্রশিক্ষণ প্রদান করে কমদক্ষতা বৃদ্ধির মাধ্যমে আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে বিদ্যমান আর্থসামাজিক অবস্থার উন্নয়ন, নারীর ক্ষমতায়ন ও বৈষম্য দূরীকরণ এবং দারিদ্র বিমোচন করা। | ডিপিপি প্রণয়ন করা হয়েছে। মন্ত্রণালয়ে প্রেরণের জন্য প্রক্রিয়াধীন। |
| প্রকল্পের নাম: ডাবল লিফটিং এর মাধ্যমে ভূ-উপরিস্থ পানির সাহায্যে সেচ সম্প্রসারণ (৩য় পর্যায়) প্রকল্প বাস্তবায়নকাল: ২০১৫- ২০২০ প্রকল্প ব্যয়: ১৩৫৩৭.২৪ (লক্ষ টাকা)। প্রাক্কলিত ব্যয়: ১৩৫৩৭ লক্ষ টাকা। | ৩১০০ মিটার ভূ-গর্ভস্থ সেচ নালা (২৫ কিউসেক ১০টি, ১২.৩ কিউসেক ১০টি, ১০টি, ১০ কিউসেক ১০টি এবং ৫০ কিউসেক ৫টি ফ্লোটিং পাম্প) তৈরীকরণ: ৩০টি হাইড্রোলিক স্ট্রাকচার নির্মাণ, ১৩৩টি বৈদ্যুতিক লাইন নির্মাণ | ভৌত অগ্রগতি: ৮৭% আর্থিক: ১০৪৯১ লক্ষ টাকা |
| **১১। কৃষি বিপনন অধিদপ্তর** | | |
| প্রকল্পের নাম: ইমপ্রুভমেন্ট অব স্টোরেজ ফ্যাসিলিটিজ এন্ড এগ্রিকালচারাল মার্কেটিং সিস্টেম ইন হাওর এরিয়া | কৃষকের উৎপদিত শস্য/ফসল পচন থেকে রক্ষা করা, বিক্রয়ের জন্য সংরক্ষণ করা। | ডিপিপি সংস্থা পর্যায়ে প্রক্রিয়াধীন। |
| **উন্নয়ন ক্ষেত্র ৩ : পরিবহন, মোট প্রকল্প সংখ্যা : ১৮**<br>**১২। সড়ক ও জনপথ অধিদপ্তর** | | |
| প্রকল্পের নাম : উজানচর-বাজিতপুর-অষ্টগ্রাম সড়ক উন্নয়ন (বাজিতপুর-অষ্টগ্রাম অংশ) প্রকল্প। বাস্তবায়নকাল:২০১১-২০১৮, প্রাক্কলিত ব্যয়: ১৮১৭৩.২৫ লক্ষ টাকা। | এ প্রকল্পটি বাস্তবায়নের ফলে অষ্টগ্রাম উপজেলার সাথে কিশোরগঞ্জ জেলার সরাসরি সড়ক যোগাযোগ স্থাপিত হবে। সড়কের দৈর্ঘ্য: ২১ কি:মি: । | ভৌত অগ্রগতি: ৯২.২৫% আর্থিক ৯০.৫৬% |
| প্রকল্পের নাম: বানিয়াচং-আজমিরীগঞ্জ সড়ক উন্নয়ন (১ম সংশোধিত) | আজমিরীগঞ্জ উপজেলাকে হবিগঞ্জ জেলার সাথে সরাসরি যোগাযোগ স্থাপনের মাধ্যমে ঢাকা ও সিলেটসহ দেশের অন্যান্য জেলার সাথে যোগাযোগ প্রতিষ্ঠা করা। | অগ্রগতির প্রতিবেদন চেয়ে পত্র দেয়া হয়েছে |

| উন্নয়ন ক্ষেত্র, প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা, প্রকল্প শিরোনাম, বাস্তবায়নকাল, প্রাক্কলিত ব্যয় | প্রকল্পের উদ্দেশ্য/কার্যক্রম | ভৌত ও আর্থিক অগ্রগতি |
|---|---|---|
| প্রকল্পের নাম : কিশোরগঞ্জ-করিমগঞ্জ-চামড়াঘাট-মিঠামইন সড়ক (চামড়াঘাট - মিঠামইন অংশ) সড়ক উন্নয়ন প্রকল্প, বাস্তবায়নকাল: ২০১১-২০১৯, প্রাক্কলিত ব্যয়: ১৩২৫২.৫৭ লক্ষ টাকা। মোট ১৭ কি:মি: রাস্তা। | এ প্রকল্পটি বাস্তবায়িত হলে মিঠামইন উপজেলার সাথে কিশোরগঞ্জ জেলার সড়ক যোগাযোগ স্থাপিত হবে। প্রকল্প সংশোধন করে ব্রীজ বাড়ানো হয়েছে। জুন/২০১৯ এ মধ্যে কাজ সমাপ্ত করতে হবে। | ভৌত অগ্রগতি: ৮৮.২০% আর্থিক ৮৬.৭৮% |
| প্রকল্পের নাম: নেত্রকোণা-বিশিউড়া-ঈশ্বরগঞ্জ সড়ক (জেড-৩৭১০) উন্নয়ন। বাস্তবায়নকাল: ২০১৭-২০১৯, প্রাক্কলিত ব্যয়: ২৬১১৯ লক্ষ টাকা। | নেত্রকোণা জেলাসদরের সাথে আন্তঃউপজেলা সংযোগ সড়ক নির্মাণ। | ভৌত অগ্রগতি: ৫২.৫০% আর্থিক ৪৭.৮৫% |
| প্রকল্পের নাম : ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক নির্মাণ প্রকল্প, বাস্তবায়নকাল: ২০১৫-২০১৮, প্রাক্কলিত ব্যয়: ৪৩৮৩৪.৭৪ লক্ষ টাকা। | ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম উপজেলায় আন্তঃসড়ক যোগাযোগ স্থাপিত হবে। সড়কের দৈঘ্য: ২৯.১৫ কি:মি:, ১৮ কি.মি. সম্পন্ন হয়েছে। ডিপিপি সংশোধন প্রয়োজন হবে। | ভৌত ৯০.১১% আর্থিক ৯০.১১% |
| প্রকল্পের নাম : মদন-খালিয়াজুরি সাব-মার্জিবল সড়ক নির্মাণ এবং নেত্রকোণা-মদন-খালিয়াজুড়ি সড়কের ৩৭তম কিলোমিটারে বালাই নদীর উপর পিসি গার্ডার সেতু নির্মাণ, বাস্তবায়নকাল: ২০১৪-২০১৮, প্রাক্কলিত ব্যয়: ৯২৯৮.৬৪ লক্ষ টাকা। | মদন ও খালিয়াজুরি উপজেলা দুইটি নেত্রকোণা জেলা সদরের সাথে সড়ক যোগাযোগ স্থাপিত হবে। ৪.৮ কি:মি: রাস্তা ও অবশিষ্ট ব্রীজের কাজ সমাপ্ত হয়েছে। ফেরী ঘাট তৈরি হবে। সময় বাড়ানো প্রয়োজন। | ভৌত অগ্রগতি: ৯৮.৭৫% আর্থিক ৯৬.৭৩% |
| প্রকল্পের নাম : দিরাই-শাল্লা সড়ক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকাল : জুন ২০১০- জুলাই ২০১৭খ্রিঃ। প্রাক্কলিত ব্যয়: ১১৯৯০ লক্ষ টাকা। | এ প্রকল্পটি বাস্তবায়িত হলে দিরাই উপজেলার সাথে শাল্লা উপজেলার সড়ক যোগাযোগ স্থাপিত হবে। হাওরের উন্নয়নের সাথে সাংঘর্ষিক বিধায় সমাপ্ত ঘোষণা করা হয়েছে এবং ফিস পাস, বোট পাস ইত্যাদির ব্যবস্থা রেখে নতুনভাবে প্রকল্প প্রস্তুত করা হচ্ছে। | ভৌত অগ্রগতি: ৭৬% আর্থিক: ৭৪.১২% নতুনভাবে ডিপিপি প্রণয়নের কাজ চলছে। |
| প্রকল্পের নাম: নেত্রকোণা (ঠাকুরাকোণা-কলমাকান্দা) জেলা মহাসড়ক উন্নয়ন। বাস্তবায়নকাল: ২০১৮- ২০২১ প্রকল্পব্যয়: ৩১০০৬ লক্ষ টাকা। | নেত্রকোণা (ঠাকুরাকোণা-কলমাকান্দা) জেলার যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন। | ভৌত অগ্রগতি: ৭.০% আর্থিক ৬.৪৫% |
| **১৩। বাংলাদেশ অভ্যন্তরীন নৌ পরিবহণ কর্তৃপক্ষ** | | |
